

Total Pages – 4

B.A. RNLKWC-/GE3/22

2022

BENGALI (Hons.)

B.A. Third Semester End Examination - 2022

PAPER - GE3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the right-hand margin indicate marks.
Candidates are required to give their answers in their own
words as far as practicable.
Illustrate the answers wherever necessary.*

বিভাগ - ক

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

১০×২=২০

- ১। চর্যাপদের পুঁথি কে, কখন, কোথা থেকে আবিষ্কার করেছিলেন? এই পুঁথি কী নামে প্রকাশিত হয়েছিলো?
- ২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতার নাম লেখো। কাব্যটির কয়টি খন্ড? প্রথম ও শেষ খন্ডের নাম লেখো।

(Turn Over)

(2)

- ৩। মালাধর বসু তাঁর কাব্যে রচনাকাল জ্ঞাপক যে শ্লোকটি লিখেছেন সেটি উল্লেখ করে খ্রীষ্টাব্দ নিরূপণ করো।
- ৪। কাশীরাম দাস মহাভারতের কোন কোন পর্ব অনুবাদ করেছিলেন— সেগুলির নাম লেখো।
- ৫। ব্রজবুলি বলতে কী বোঝ ?
- ৬। “চৈতন্যলীলার ব্যাস”—কে, কার সন্মুখে এ অভিধা দিয়েছেন ?
- ৭। বাংলা ভাষায় লেখা প্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম এবং রচয়িতার নাম লেখো।
- ৮। আদি মধ্য বাংলার কালসীমা নির্দেশ করে একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।
- ৯। সরলবাক্য কাকে বলে ? উদাহরণ দাও।
- ১০। সংজ্ঞাসহ সাধুভাষার দু’টি বৈশিষ্ট্য লেখো।
- ১১। তৎসম শব্দ বলতে কী বোঝ ? উদাহরণ দাও।
- ১২। আদি স্বরলোপ বলতে কী বোঝ ? উদাহরণ দাও।
- ১৩। স্বরভক্তি কাকে বলে ? উদাহরণ দাও।

(3)

- ১৪। শব্দার্থের রূপান্তর কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা করো।
- ১৫। নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো। (যে কোনো দুটি)
- ক) রাম আজকে খাবে না। (হ্যাঁ বাচক বাক্যে)
- খ) রণিতা আজ কলেজে অনুপস্থিত। (না বাচক বাক্যে)
- গ) আমি আজকে বাড়ি গিয়ে হাতমুখ ধুয়ে পড়তে বসবো।
- (যৌগিক বাক্যে)

‘খ’ - বিভাগ

- যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। 8×৫=২০
- ১৬। সংক্ষিপ্ত আলোচনা করো - ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য।
- ১৭। টীকা লেখো - বিজয়গুপ্তের মনসামঙ্গল কাব্য।
- ১৮। মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। মঙ্গলকাব্যের প্রধান ধারাগুলি উল্লেখ করে, একজন করে প্রধান কবির নাম লেখো।
- ১৯। সংস্কৃত ভাষাকে বাংলা ভাষার জননী বলা যায় কিনা—আলোচনা করো।
- ২০। মৌলিক শব্দ বলতে কী বোঝ ? মৌলিক শব্দের শ্রেণিবিভাগ করে প্রতিটি বিভাগের সংজ্ঞা সহ উদাহরণ দাও।

(4)

- ২১। সমীভবন বলতে কী বোঝ ? সমীভবন কয় প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকারের সংজ্ঞাসহ উদাহরণ দাও।
- ২২। শব্দার্থের উৎকর্ষ ও শব্দার্থের সম্প্রসারণ বলতে কী বোঝ ? উদাহরণসহ আলোচনা করো।

‘গ’ বিভাগ

- যে কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০
- ২৩। চণ্ডীমঙ্গল কাব্য রচনায় মুকুন্দ চক্রবর্তীর কবি প্রতিভার পরিচয় দাও।
- ২৪। রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের নাম লেখো। তাঁর কবি প্রতিভার পরিচয় দাও।
- ২৫। আদি বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো। এই ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- ২৬। উপভাষা বলতে কী বোঝ ? বাংলা উপভাষাকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে ? যে কোনো একটি উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।